



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Noakhali Science and Technology University : NSTU

নোয়াখালী-৩৮১৪

Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01733998894
E-mail : pronstu@gmail.com
Website : www.nstu.edu.bd

জনসংযোগ ও
প্রকাশনা দপ্তর

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ



নোবিপ্রবি/জনসংযোগ/প্রেস রিলিজ/২০২৩/১৬৮১

২৮ সেপ্টেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.) পালিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সা.)-১৪৪৫ পালন করা হয়েছে। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (২৮ সেপ্টেম্বর ২০২৩) সকালে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। এরপর দুপুরে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়।

মিলাদ ও দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম, মাননীয় উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল বাকী ও মাননীয় কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম বলেন, পবিত্র এ দিনে ইসলাম ধর্মের সর্বশেষ নবী ও রাসূল হযরত মুহাম্মদ (সা.) জন্মগ্রহণ করেন। দিবসটি ইসলাম ধর্মালম্বীদের জন্য বিশেষ তাৎপর্য বহন করে। এ সময় তিনি বিশ্বের সকল মানুষের সুখ, শান্তি ও কল্যাণ কামনা করেন।

R. K. K.

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়